গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**বিষয়: মহান বিজয় দিবস-২০২০ উদযাপন এবং শহিদ বুদ্ধিজীবী দিবস-২০২০ পালন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

গত ০৬ ডিসেম্বর, ২০২০ তারিখে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর মহাপরিচালক আলমগীর মুহম্মদ মনসুরুল আলম এর সভাপতিত্বে মহান বিজয় দিবস-২০২০ উদযাপন এবং শহিদ বুদ্ধিজীবী দিবস-২০২০ পালন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে হোপ কনফারেন্স কক্ষে এক সভা অনুষ্ঠিত হয়।

২। সভায় অতিরিক্ত মহাপরিচালক ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর পরিচালকবৃন্দ এবং দিবস উদযাপনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

৩। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি জানান যে, মহান বিজয় দিবস-২০২০ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে গত ১০.১০.২০২০ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয় এবং ১৪ ডিসেম্বর, শহিদ বুদ্ধিজীবী দিবস-২০২০ পালন উপলক্ষ্যে গত ২৬.০৭.২০২০ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে একটি আন্ত:মন্ত্রণালয় সভা এবং ১ ডিসেম্বর ২০২০ তারিখ প্রাগমতে সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভা তিনটিতে গৃহীত সিদ্ধান্তের সাথে সংগতি রেখে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং এর আওতাধীন দপ্তর/প্রতিষ্ঠানসমূহে মহান বিজয় দিবস-২০২০ উদযাপন এবং শহিদ বুদ্ধিজীবী দিবস-২০২০ পালন উপলক্ষ্যে কর্মসূচি গ্রহণ করা প্রয়োজন। এ সংক্রান্ত বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ কর্মসূচি ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক নং | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন। | (ক) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর প্রধান কার্যালয়, বিভাগীয়, জেলা, উপজেলা কার্যালয়, সকল পিটিআই, প্রাথমিক বিদ্যালয়,আনন্দ স্কুল ও শিশু কল্যাণ ট্রাস্টের স্কুলসমূহে ১৬ ডিসেম্বর, ২০২০ তারিখে মহান বিজয় দিবস-২০২০ উদযাপন উপলক্ষ্যে সঠিক মাপ ও রংয়ের জাতীয় পতাকা উত্তোলন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) ১. পরিচালক, (প্রশাসন/প্রশিক্ষণ/পলিসি এন্ড অপারেশন) ও উপপরিচালক (সংস্থাপন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।<br>২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সকল বিভাগ<br>৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিনটেনডেন্ট (সকল)। |
| | খ) গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন/ স্থাপনাসমূহে আলোকসজ্জা। | (খ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মূল ভবনে ২দিন ব্যাপী আলোকসজ্জা করতে হবে এবং প্রবেশ গেইট, অভ্যন্তরীণ গেইট এবং অভ্যন্তরে সজ্জাকরণ চত্বরে ফেস্টুন , ব্যানার , স্ট্যান্ডি দিয়ে সজ্জাকরণ করতে হবে। | (খ)<br>১. পরিচালক (প্রশাসন)<br>২. সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। |
| ২. | ক) ভার্চুয়াল (অনলাইন) 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জাতীয় সমৃদ্ধি অর্জন' শীর্ষক আলোচনা। | (ক) আগামী ১৬ ডিসেম্বর, ২০২০ তারিখ সন্ধ্যা ০৬:০০ টায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জাতীয় সমৃদ্ধি অর্জন' শীর্ষক আলোচনা অনুষ্ঠান | (ক)<br>১.পরিচালক (প্রশাসন)<br>২. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট;<br>৩. পিডি, রস্ক প্রকল্প।<br>৪.জনাব অনুজ কুমার রায় সিনিয়র সিস্টেম এনালিষ্ট। |

| | | | |
|---|---|---|---|
| | | ভার্চুয়ালি (অনলাইন) আয়োজন করতে হবে। সভার শুরুতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর সাংস্কৃতিক মঞ্চের শিল্পীদের কর্তৃক ধারণকৃত ১৫ মিনিটের একটি পরিবেশনা থাকবে। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।<br>৫. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)<br>৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ সুপারিনটেনডেন্ট (সকল) |
| | খ) জাতীয় পর্যায়ে অনলাইন/ ই-মেইল/ডাকযোগে রচনা প্রতিযোগিতার আয়োজনসহ অনলাইন সুবিধা সম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভার্চুয়ালি (অনলাইন) মুক্তিযুদ্ধ বিষয়ক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন। | খ) সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইন/ ই-মেইল/ডাকযোগে রচনা প্রতিযোগিতার আয়োজনসহ অনলাইন সুবিধা সম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভার্চুয়ালি (অনলাইন) মুক্তিযুদ্ধ বিষয়ক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | খ.<br>১.পরিচালক (পলি: এন্ড অপা:)<br>২. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট<br>৩. পিডি, রস্ক প্রকল্প<br>৪. বিভাগীয় উপপরিচালক প্রাথমিক শিক্ষা (সকল)<br>৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ সুপারিনটেনডেন্ট (সকল) |
| ৩. | শহিদ বীর মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদ,মন্দির,গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে স্বাস্থ্যবিধি মেনে সীমিত আকারে বিশেষ মোনাজাত/প্রার্থনা। | ১৬ ডিসেম্বর, ২০২০ তারিখে বাদ যোহর শহিদ বীর মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/ যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে স্বাস্থ্যবিধি মেনে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর জামে মসজিদ ও মিরপুর কেন্দ্রীয় মন্দিরে বিশেষ মোনাজাত/প্রার্থনার আয়োজন করতে হবে। | ১. সহকারী পরিচালক (সাধা: প্রশা:)<br>২. জনাব মনোহর চন্দ্র সরকার, হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। |
| ৪. | প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপ এবং বিভিন্ন স্থাপনাসমূহে জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর বাউন্ডারী ওয়ালে জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ করতে হবে। | সহকারী পরিচালক ( সাধারণ প্রশাসন ) |
| ৫. | শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে দিবসটির তাৎপর্য তুলে ধরে জেলা ও উপজেলা পর্যায়ে স্কুল, কলেজ,মাদ্রাসাসহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা করতে হবে। | ১৪ ডিসেম্বর, ২০২০ তারিখে শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে দিবসটির তাৎপর্য তুলে ধরে জেলা ও উপজেলা পর্যায়ে স্কুলে আলোচনা সভা করতে হবে। তাদের অনুষ্ঠানসূচী অধিদপ্তরকে অবহিত করতে হবে। | বিভাগীয় উপপরিচালক/ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিনটেনডেন্ট (সকল)। |
| ৬. | মহান বিজয় দিবস ও শহিদ বুদ্ধিজীবী দিবস উদযাপন উপলক্ষ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, শিশু কল্যাণ ট্রাস্ট ও রস্ক প্রকল্পের আওতাধীন সকল কর্মকর্তা,কর্মচারী ও শিক্ষকগণ বিভাগ, জেলা এবং উপজেলার স্থানীয় প্রশাসন কর্তৃক আয়োজিত সকল অনুষ্ঠানে অংশগ্রহণ ও সহযোগিতা করবে। | | |

৪। মহান বিজয় দিবস-২০২০ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি উদযাপন ও বাস্তবায়নের লক্ষ্যে ১৯.১০.২০২০ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী এবং ১৪ ডিসেম্বর, শহিদ বুদ্ধিজীবী দিবস-২০২০ পালন উপলক্ষ্যে সভার কার্যবিবরণী এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে ০১ ডিসেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সংশ্লিষ্ট সকলে এ কার্যবিবরণীসমূহের সিদ্ধান্ত আলোকে এবং জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। উপপরিচালক (সংস্থাপন ) বিষয়টি নিশ্চিত করবেন।

৫। মহান বিজয় দিবস ও শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়:

| | |
|---|---|
| মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | উপদেষ্টা |
| অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সভাপতি |
| পরিচালক ( প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| পরিচালক ( আইএমডি ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| পরিচালক ( প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| পরিচালক ( অর্থ ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| পরিচালক (পলিসি এন্ড অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| পরিচালক ( মনিটরিং ও মূল্যায়ন ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| উপপরিচালক ( সংস্থাপন ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য-সচিব। |

৭। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/
আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
মহাপরিচালক (গ্রেড-১)

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.২৩.০০৬.২০১৮- 5৬৬ (৬20)

তারিখ: ২৩ অগ্রহায়ণ, ১৪২৭ / ০৮ ডিসেম্বর, ২০২০

অনুলিপি ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ):

১। পরিচালক ( সকল )/ প্রকল্প পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর , মিরপুর-২, ঢাকা-১২১৬।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় উপপরিচালক (সকল)/ উপপরিচালক (সকল), সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর , মিরপুর-২, ঢাকা-১২১৬। ( ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ সুপারিনটেনডেন্ট, সকল জেলা।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। কর্মকর্তা/ কর্মচারী (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর , মিরপুর-২, ঢাকা-১২১৬।
৯। অফিস কপি।

০৮/১২/2020

পরিচালক (প্রশাসন)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
টেলিফোন: ০২-৫৫০৭৪৮২৯
ই-মেইল: diradmindpe@gmail.com